



# Embassy & Permanent Mission of Bangladesh Vienna, Austria



০৬ সেপ্টেম্বর ২০২২

## বিজ্ঞপ্তি

### ভিয়েনায় বঙ্গবন্ধু মেমোরিয়াল ক্রিকেট টুর্নামেন্ট ২০২২ অনুষ্ঠিত

ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাস ও স্থায়ী মিশনের উদ্যোগে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মরণে বিগত দুই বছরের ধারাবাহিকতায় ভিয়েনার Seebarn Cricket Ground-এ ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে "বঙ্গবন্ধু মেমোরিয়াল ক্রিকেট টুর্নামেন্ট ২০২২" অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ক্রিকেট ক্লাব অস্ট্রিয়া-এর সহযোগিতায় আয়োজিত এই টুর্নামেন্টে অস্ট্রিয়া ও হাঙ্গেরির মোট ৪-টি দল অংশগ্রহণ করে। টুর্নামেন্টটির ফাইনাল খেলায় বাংলা রাইডারস দল গ্রেটার নোয়াখালী কিংসকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

দূতাবাসের চার্জ দ্যা আফেয়ার্স রাহাত বিন জামান প্রধান অতিথি হিসেবে মাঠে উপস্থিত থেকে টুর্নামেন্টটি উপভোগ করেন। এছাড়াও, বাংলাদেশ দূতাবাসের অন্যান্য কর্মকর্তাগণ, অস্ট্রিয়ার জাতীয় ক্রিকেট দলের কোচ, প্রবাসী বাংলাদেশী বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দসহ উল্লেখযোগ্য সংখ্যক দর্শক মাঠে উপস্থিত ছিলেন।

চার্জ দ্যা আফেয়ার্স ফাইনাল খেলা শেষে বিজয়ী দলসহ অংশগ্রহণকারী অন্যান্য দলগুলোর খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন। তিনি "বঙ্গবন্ধু মেমোরিয়াল ক্রিকেট টুর্নামেন্ট ২০২২" আয়োজনে দূতাবাসকে সহযোগিতা করার জন্য অস্ট্রিয়া ক্রিকেট এসোসিয়েশন, বাংলাদেশ ক্রিকেট ক্লাব অস্ট্রিয়া, অংশগ্রহণকারী দলগুলো ও অস্ট্রিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের আন্তরিক ধন্যবাদ জানান।

চার্জ দ্যা আফেয়ার্স সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং আগামী বছরগুলোতেও ভিয়েনায় "বঙ্গবন্ধু মেমোরিয়াল ক্রিকেট টুর্নামেন্ট" আয়োজন করার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি অস্ট্রিয়ায় ক্রিকেটকে জনপ্রিয় করতে প্রবাসী বাংলাদেশী তরুন ক্রিকেটারদের প্রতি বিশেষ আহ্বান জানান।

\*\*\*\*\*

**Mujib Year's Diplomacy, Friendship & Prosperity**

Peter-Jordan Straße 50, 1190 Vienna, Austria, Email: mission.vienna@mofa.gov.bd, Tel: +43 13681111